ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩২৫

উদয়পুর, ১৯ অক্টোবর, ২০২৫

## মাতাবাড়ি ত্রিপুরাসুন্দরী মন্দিরে ২০-২২ অক্টোবর দীপাবলি উৎসব ও মেলা

মাতাবাড়ি ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গনে আগামী ২০ অক্টোবর থেকে ২২ অক্টোবর তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলা অনুষ্ঠিত হবে। ২০ অক্টোবর সন্ধ্যায় মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা এই উৎসব ও মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। গতকাল ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান দীপাবলি উৎসব ও মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক অভিষেক দেবরায়। সাংবাদিক সম্মেলনে তিনি জানান ২০ অক্টোবর সন্ধ্যায় কল্যাণ সাগর পাড়ে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা কল্যাণ আরতিতে অংশগ্রহণ করবেন এবং সন্ধ্যা ৫.৩০ টায় ধন্যমানিক্য মুক্ত মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে মেলার শুভ সূচনাও করবেন। মেলা চলবে ২০ অক্টোবর থেকে ২২ অক্টোবর পর্যন্ত। বিধায়ক অভিষেক দেবরায় আরও জানান, মেলায় মোট ১৯টি সরকারি দপ্তরের প্রদর্শনী স্টল থাকবে। তিনি জানান, মন্দির পরিসরে পুণ্যার্থীদের ভীড় নিয়ন্ত্রণে ৮০০ জন ভলান্টিয়ার সর্বদা তৎপর থাকবেন। এছাড়া পুণ্যার্থীদের মন্দিরে প্রবেশের সুবিধার্থে প্রবেশ এবং বহিঃর্গমনের পথ নির্দিষ্ট করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে বিধায়ক অভিষেক দেবরায় আরও জানান, ৩ দিনব্যাপী এই উৎসব ও মেলা রাজ্যের বিভিন্ন জেলায় এলইডি স্ক্রিন এর মাধ্যমে লাইভ টেলিকাস্ট করা হবে। এছাড়া মেলা প্রাঙ্গনেও ২টি জায়গায় এলইডি স্ক্রিন এর মাধ্যমে মেলার অনুষ্ঠান লাইভ দেখানো হবে। তিনি জানান সপ্তাহের শেষের তিনদিন কল্যাণ আরতি করা হবে। তার শুভ সূচনা হবে এবছর দেওয়ালি পূজার দিন কল্যাণ আরতির মধ্যদিয়ে। এই বছর মেলায় যথেষ্ট আলোর ব্যবস্থাও করা হয়েছে। মেলা চত্বর থেকে শুরু করে পুণ্যার্থীদের আগমনের রাস্তা উদয়পুর সুভাষ সেতু পর্যন্ত আধুনিক আলোকসজ্জায় সাজিয়ে তোলা হয়েছে। তিনি আরও জানান, এবার মায়ের মন্দিরটিকে কাঁচা ফুলের মাধ্যমে সাজিয়ে তোলা হয়েছে। দর্শণার্থীদের জন্য পানিয়জল ও শৌচাগারের ব্যবস্থাও রয়েছে মেলায়। এ বছর মোট ৬২০টি দোকান ভিটিতে ব্যবসায়ীরা তাঁদের সামগ্রী নিয়ে বসবেন।

সাংবাদিক সম্মেলনে বিধায়ক আরও জানান, মেলায় পর্যাপ্ত টিএসআর, পুলিশ সহ ক্যুইক রেনপন্স টীম নিরাপত্তার দায়িত্বে থাকবেন। পুণ্যার্থীদের সুবিধার্থে মেলা প্রাঙ্গনে থাকবে স্বাস্থ্য কর্মী। দুর্যোগ পরিস্থিতি মুকাবেলায় থাকবে ফায়ার সার্ভিসের কর্মীরা। এছাড়া মেলায় ধন্যমানিক মুক্ত মঞ্চে ৩ দিনব্যাপী রাজ্যের এবং বহিঃরাজ্যের শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এবারের মেলায় রাজ্যের ও বহিঃরাজ্যের ২ হাজারেরও বেশি শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার ডক্টর কিরণ কুমার কে জানান, মাতাবাড়ি দীপাবলি উৎসব ও মেলায় যাতে কোনো ধরণের অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য আগে থেকেই নজরদারি বাড়ানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া থাকছে পুলিশ ওয়াচ টাওয়ার, পুলিশ কমান্ড পোস্ট এবং পুলিশ বুথ। নিরাপত্তার কথা মাথায় রেখে মেলার প্রত্যেকটি গুরুত্বপূর্ণ স্থানে ৭৪টি সিসি টিভির মাধ্যমে নজর রাখা হবে। সাংবাদিক সম্মেলনে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় উৎসব ও মেলাকে সুন্দরভাবে সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা অজয় দে প্রমুখ।

*****